দৈনিক খবর

তারিখ ...27 JUN 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...
৫৭

উপাচার্যের অপসারণের দাবী

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে আজ ধর্মঘট আহবান

কুষ্টিয়া ব্যুরো থেকে মতিউর রহমান লান্টু ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে তিন জন ছাত্র নেতার বহিষ্কার আদেশ প্রত্যাহার ও উপাচার্য ডঃ আবদুল হামিদের অপসারণের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য আজ রোববার বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট আহবানকরেছে।

শেখপাড়া বাজারে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তারা এই ধর্মঘটের ডাক দেন। উক্ত সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্রলীগ নেতা আলমগীর হোসেন খান

৭-এর পাতা ৫ম কঃ দেখুন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

এবং সভায় বক্তব্য রাখেন স্থানীয় ইউপি চেয়ারম্যান হোসেন আলী, আওয়ামী লীগ নেতা এডঃ মহিবুল আলম, ছাত্র মৈত্রীর আবদুর রশিদ বকুল, ছাত্র ফ্রন্টের আবদুল কাদের টুটুল ও ছাত্র ইউনিয়নের আকমল হোসেন।

এছাড়াও এ দাবীর প্রেক্ষিতে সর্বদলীয় ছাত্র ঐক্য আগামী ২৯শে জুন কুষ্টিয়া ও ঝিনেদায় একই সাথে হরতাল আহবান করেছে।